

বাংলাদেশ হাই কমিশন

কলম্বো

প্রেস বিজ্ঞপ্তি

তথ্য মন্ত্রীর শ্রীলংকা সফর

কলম্বো, বুধবার, ১৭ জুন ২০১৫

তথ্য মন্ত্রী হাসানুল হক ইনু চার দিনের সরকারী সফরে গতকাল কলম্বো পৌঁছেছেন। শ্রীলংকায় নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার তারিক আহসান এবং শ্রীলংকার পররাষ্ট্র মন্ত্রণালয় ও গণযোগাযোগ বিষয়ক মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বিমান বন্দরে তাঁকে স্বাগত জানান। তথ্য মন্ত্রী মঙ্গলবার সন্ধ্যায় হাইকমিশনারের বাসভবন “বাংলাদেশ হাউস”-এ একটি নৈশ ভোজে অংশ নেন। নৈশ ভোজে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শ্রীলংকার গণযোগাযোগ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, সেদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং কলম্বোতে বসবাসকারী বিশিষ্ট প্রবাসী বাংলাদেশীগণ।

তথ্য মন্ত্রী আজ সকালে শ্রীলংকার গণযোগাযোগ বিষয়ক মন্ত্রী ও প্রধান সরকারী হুইপ গায়ান্তা করুনাতিলাকে এর সাথে এক বৈঠকে মিলিত হন। এতে বাংলাদেশ ও শ্রীলংকার গণমাধ্যম ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার ওপর বিস্তারিত আলোচনা হয়।

অনভিপ্রেত বিষয়াদি, ধর্মীয় জংগীবাদ ও সন্ত্রাসবাদ থেকে গণমাধ্যমের পবিত্রতা ও স্বাধীনতাকে সুরক্ষিত করতে দু’দেশ একযোগে কাজ করবে এ মর্মে বৈঠকে ঐক্যমত প্রতিষ্ঠিত হয়।

দু’দেশের গণমাধ্যমের মধ্যে নিবিড়তর যোগাযোগ স্থাপনের প্রয়োজনীয়তার বিষয়টি উভয় পক্ষ কর্তৃক স্বীকৃত হয়। এ লক্ষ্যে, বাংলাদেশ ও শ্রীলংকার সংবাদ সংস্থা, টেলিভিশন ও বেতার এর মধ্যে বিষয়বস্তু বিনিময় এবং চলচ্চিত্র প্রয়োজনায় যৌথ উদ্যোগের ওপর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

দু’দেশের তথ্য ও গণমাধ্যম পেশায় নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণে সহযোগিতা এবং একে অন্যের দেশে নিয়োমিতভাবে চলচ্চিত্র উৎসব আয়োজনের ওপর উভয় মন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তথ্য অধিকার আইন বাস্তবায়ন এবং কমিউনিটি রেডিও প্রচলনে বাংলাদেশের অভিজ্ঞতা থেকে শেখার বিষয়ে শ্রীলংকা পক্ষ আগ্রহ প্রকাশ করে।

বৈঠক সমাপ্তিতে বাংলাদেশ প্রতিনিধিদল শ্রীলংকার মিডিয়া মনিটরিং ইউনিট পরিদর্শন করে এবং এর কার্যপ্রণালী সম্পর্কে অবহিত হয়।

তথ্য মন্ত্রী সন্ধ্যায় তাঁর সম্মানে শ্রীলংকার গণযোগাযোগ বিষয়ক মন্ত্রী কর্তৃক আয়োজিত এক নৈশ ভোজে অংশ গ্রহণ করবেন।

তথ্য মন্ত্রীর এ সফর শ্রীলংকায় গত জানুয়ারি ২০১৫ তে অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে নতুন সরকার গঠনের পর বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যে সংঘটিত প্রথম মন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক সফর।
